



মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ
প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

“শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন”

স্মারক নং- মাপৌ/প্রশাঃসাধাঃ-২০২৩-১৫৮২

তারিখ : ১৮/১২/২০২৩ খ্রি.

“নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন কমিটির” (UICC) সভার কার্যবিবরণী।

০১	সভার সভাপতি	ঃ জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, “নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটি” (UICC) মানিকগঞ্জ পৌরসভা
০২	সভার নাম	ঃ “নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটির” (UICC) সভা
০৩	সভার তারিখ	ঃ ০৩/১২/২০২৩ খ্রি.
০৪	সভার বার	ঃ রবিবার
০৫	সভার সময়	ঃ বেলা ১২.৩০ ঘটিকা
০৬	সভার স্থান	ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ

সভায় উপস্থিতির নাম ও স্বাক্ষরঃ- (পরিশিষ্ট-ক)

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটির (UICC) সভাপতি জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা- উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে “নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটির” (UICC) সভার সদস্য- সচিব জনাব মোঃ বজলুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা-কে কমিটির কার্যক্রম শুরু করার আহ্বান জানান।

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও স্থিরিকরণঃ-ঃ-

আলোচনা : অত্র কমিটির সদস্য-সচিব জনাব মোঃ বজলুর রহমান “নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন সমন্বয় কমিটির” গত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণী শ্রবণান্তে কোন রূপ সংশোধনী ব্যতিরেকে গত সভার কার্য বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ করা হলো।


০২। নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি মাসিক সভায় উপস্থাপন ও পর্যালোচনা :

আলোচনা : সভার সদস্য সচিব জনাব মোঃ বজলুর রহমান সভাকে অবহিত করেন যে, নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি পৌর পরিষদ সভায় উপস্থাপন করা হয় এবং পর্যালোচনা করা হয়। ইতোমধ্যে প্রকল্প অফিস হতে বেশ কয়েকটি পত্র পাওয়া গিয়েছে। পত্র সমূহ সভায় উপস্থাপন করা হয়। বর্ণিত পত্র সমূহে মানিকগঞ্জ পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের নিয়মিত বেতন ভাতা পরিশোধ, বিদ্যুৎ বিল, টেলিফোন বিল, বিএমডিএফ প্রকল্পের বকেয়া কিস্তির অর্থ পরিশোধ পূর্বক প্রকল্প অফিসে তথ্য প্রেরণের জন্য অনুরোধ করেছেন। তিনি আরো বলেন প্রকল্প অফিসে চাহিত তথ্য নিয়মিত যথা সময়ে প্রেরণ না করলে প্রকল্প অফিস হতে প্রকল্পের অর্থ ছাড় করবেন না। এ বিষয়ে মেয়র বলেন অত্র পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা নিয়মিত ভাবে পরিশোধ করা হচ্ছে।

প্রাপ্ত পত্র মোতাবেক যে সকল বিল বকেয়া রয়েছে তা পরিশোধের জন্য পর্যায়ক্রমে ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরো বলেন পৌরসভার সকল ইউটিলিটি সার্ভিস প্রদানের সময় পৌর কর গ্রহণকে বাধ্যতামূলক করা হয়েছে। তিনি সকলকে সচেতন ভাবে কাজ করার আহবান জানান। তিনি পৌরসভার সকল সদস্য ও কর্মকর্তা/কর্মচারীদের আন্তরিক ভাবে পৌরসভার উন্নয়নে আত্মনিয়োগ করার অনুরোধ জানান। তিনি পৌরসভার উন্নয়ন কল্পে এবং পৌর রাজস্ব আয় বৃদ্ধি প্রয়োজনে নতুন নতুন কর্ম পছা উদ্ভাবনের আহবান জানান এবং সংস্থাপন সহ সকল ক্ষেত্রে কৃচ্ছতা সাধন পূর্বক প্রকল্প কর্তৃক নির্দেশিত সকল কর্ম প্রণালী যাথাযথ সম্পন্ন করার আহবান জানান।

সিদ্ধান্ত- : বিস্তারিত আলোচনান্তে প্রকল্প অফিসের প্রাপ্ত পত্র সমূহের বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণ সহ প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন তথ্য নিয়মিত ভাবে প্রেরণ সহ সকলকে সচেতন ভাবে দায়িত্বশীলতার সহিত কর্ম সম্পাদনের আহবান জানানোর সুপারিশ, ইউটিলিটি সার্ভিস সহ সকল সার্ভিস প্রদানের সময় পৌর কর আদায়কে সর্বাত্মে প্রাধান্য দেওয়ার সুপারিশ এবং নতুন নতুন আয় বর্ধক কাজও আয় বর্ধক প্রকল্প গ্রহণের সুপারিশ করা হলো। অনুন্নয়ন খাতে কৃচ্ছতা সাধন পূর্বক ব্যয় কমানোর সুপারিশ গৃহীত হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা
ও
সভাপতি

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন কমিটি (UICC)
তারিখ : ১৮/১২/২০২৩ খ্রি.


স্মারক নং- মাপৌ/প্রশাঃসাধাঃ-২০২৩-১৫৮২

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।

০২। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।

০৩। জনাব সদস্য, নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি
বাস্তবায়ন কমিটি (UICC), মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।



মেয়র
মানিকগঞ্জ পৌরসভা
ও
সভাপতি

নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচি বাস্তবায়ন কমিটি (UICC)